

"কৃষিই সমৃদ্ধি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
বিভাগীয় কার্যালয়, সিলেট
www.srdi.sylhet.gov.bd



স্মারক নম্বর: ১২.০৩.৬০০০.০৫১.৫৬.০০১.২০.৩৬৭

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭

০১ নভেম্বর ২০২০

বিষয়: **ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা ল্যাবরেটরীতে মাটি পরীক্ষার জন্য মৃত্তিকা নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, কৃষকের জমিতে সুষম সার প্রয়োগের নিমিত্তে সার সুপারিশ কার্ড প্রদানের লক্ষ্যে একটি ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা ল্যাবরেটরী (এমএসটিএল-সুরমা) আগামী ১৫-১১-২০২০ খ্রি. হতে ১৯-১১-২০২০ খ্রি. পর্যন্ত সময়ে ছাতক উপজেলায় কৃষকের জমির মৃত্তিকা নমুনা পরীক্ষার কাজে নিয়োজিত থাকবে। সার সুপারিশ কার্ড ব্যবহার করে সুষম সার প্রয়োগের নিমিত্তে প্রতিটি মৃত্তিকা নমুনা পরীক্ষার জন্য ২৫/- (পঁচিশ) টাকা হারে সরকারী হ্রাসকৃত ফি ধার্য করা হয়েছে।

এ বিষয়ে যথাসময়ে কৃষকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। আপনার নির্ধারিত কৃষকের (৫০ জন / বেশি) জমির উপরিস্তর থেকে আধা (১/২) কেজি শুকনো মৃত্তিকা নমুনা সংগ্রহ করে আগামী ১০-১১-২০২০ খ্রি. তারিখের মধ্যে আপনার কার্যালয়ে সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

আরো জানানো যাচ্ছে যে, কর্মসূচি মোতাবেক আগামী ১৯-১১-২০২০ খ্রি. তারিখে সার সুপারিশ কার্ড উপস্থিত কৃষকবৃন্দের কাছে বিতরণ করে ঐ দিনই অপরাহ্নে ভ্রাম্যমাণ দলটি পরবর্তী গন্তব্যে রওয়ানা করবেন। কৃষকের নিকট থেকে সংগৃহীত টাকার রশীদ ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা ল্যাবরেটরী থেকে প্রদান করা হবে। এ কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য আপনার সক্রিয় সহযোগীতা একান্ত কাম্য।

সংযুক্তি: মৃত্তিকা নমুনা সংগ্রহের লিফলেট- ০৫ টি।

১-১১-২০২০

মোঃ মেহেদী হাসান

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ফোন: ০৮২১-৭১৫৬৪৮

ইমেইল: rosrdisylhet@gmail.com

উপজেলা কৃষি কর্মকর্তা, ছাতক, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: ১২.০৩.৬০০০.০৫১.৫৬.০০১.২০.৩৬৭/১

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭

০১ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা-১২১৫।
- ২) পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা-১২১৫।
- ৩) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।
- ৪) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় গবেষণাগার, সিলেট।
- ৫) অফিস কপি।

১-১১-২০২০

মোঃ মেহেদী হাসান

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত)